গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভারপ্রাপ্ত বন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ এস এফ পি সি, ঠাকুরগাঁও।

# সভার নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৫/০৫/২০২৪ ইং তারিখ, রোজঃ রবিবার, সকাল ১০.৩০ টায় উপজেলা ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে পীরগঞ্জ ভারপ্রাপ্ত বন কর্মকর্তার কার্যালয়ে উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির ~~ফেব্রুয়ারি~~ মে হইতে ~~মার্চ~~ জুন/২০২৪ খ্রি. মাসের দ্বি-বার্ষিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হল।

(মোঃ শাহজাহান আলী)
ভারপ্রাপ্ত বন কর্মকর্তা
ও
সদস্য সচিব
পরিবেশ ও বন কমিটি
পীরগঞ্জ এস এফ পি সি,ঠাকুরগাঁও।

প্রত্র নং- ২৭ /পীর-২৮ তারিখঃ 2/5/2024

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। উপজেলা..........................................কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৫। চেয়ারম্যান..........................................ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৬। অফিস কপি।

(মোঃ শাহজাহান আলী)
ভারপ্রাপ্ত বন কর্মকর্তা
ও
সদস্য সচিব
পরিবেশ ও বন কমিটি
পীরগঞ্জ এস এফ পি সি,ঠাকুরগাঁও।

পরিশিষ্ট-ক

উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির সভার হাজিরা

তারিখ ঃ ০৫/০৫/২০২৪ খ্রিঃ

| ক্রঃ নং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব সুকুমার রায় | ভাইস চেয়ারম্যান | |
| ২ | জনাব মো: জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ৭নং হাজীপুর ইউ.পি | |
| ৩ | জনাব সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮নং দৌলতপুর ইউ.পি | |
| ৪ | জনাব মো: শাহজাহান আলী | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা | |

# উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটির কার্যবিবরনী:

সভাপতি ঃ সুকুমার রায়
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ০৫/০৫/২০২৪ ইং, রোজ: রবিবার।
সময় ঃ সকাল ১০.৩০ টা হতে বেলা ১২.০০ পর্যন্ত।
স্থান ঃ উপজেলা ভারপ্রাপ্ত বন কর্মকর্তার অফিস কক্ষে।
সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান। কার্যবিবরনীতে কোনরুপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অত:পর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | কমিটির নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | পরিবেশও বন কমিটির সভা | পীরগঞ্জ উপজেলায় ১০টি করাতকল অবৈধভাবে স্থাপিত হয়েছে। এ সকল করাতকল মালিকগনকে সরকারী বিধি মোতাবেক অবৈধভাবে স্থাপিত করাতকলের লাইসেন্স করার জন্য বারবার তাগিদ দেওয়া এবং নোটিশ প্রদান করা হলেও মালিকগণ এর পরেও অবৈধভাবে স্থাপিত করাতকল লাইসেন্স না করিয়া করাতকল চালিয়ে যাচ্ছেন। মালিকগন এ ব্যাপারে সরকারী আইনকানুন তোয়াক্কা করছেন না। যাহার ফলে একদিকে যেমন সরকারী রাজস্ব ক্ষতিগ্রস্থ এবং অপরদিকে প্রশাসনিক জটিলতা সৃষ্টি হচ্ছে। ইহা ছাড়া পীরগঞ্জ উপজেলাধীন বৈধ এবং অবৈধ ইটভাটাগুলোতে গাছের জ্বালানী কাঠ ব্যবহার অব্যাহত রয়েছে। এতে করে পরিবেশের ভারসাম্য ক্ষতি হচ্ছে। এ লক্ষে অবৈধভাবে স্থাপিত করাতকল এবং ইটভাটা মালিকগনের বিরুদ্ধে প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহন করার বিস্তারিত আলোচনা হয়। | অবৈধভাবে স্থাপিত ১০টি করাতকল এবং ইটভাটা মালিকগণের বিরুদ্ধে প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রশাসন ও পীরগঞ্জ বন বিভাগ। |

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুকুমার রায়)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
পরিবেশ ও বন কমিটি
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভারপ্রাপ্ত বন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ এস এফ পি সি, ঠাকুরগাঁও।

স্মারক নং- ৬০/পীর-২৮ তারিখঃ ৫/৫/২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
০২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান.........................ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
০৫। অফিস কপি।

৫/৫/২০২৪
(মোঃ শাহজাহান আলী)
ভারপ্রাপ্ত বন কর্মকর্তা
ও
সদস্য সচিব
পরিবেশ ও বন কমিটি
পীরগঞ্জ এস এফ পি সি,ঠাকুরগাঁও।